

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১০০.২০১৭-৯৭

তারিখঃ ১৮.০৩.২০১৮ খ্রিঃ

আদেশ

যেহেতু, ডাঃ সুলতানা আখতার (৩২০০৪), সিনিয়র কনসালটেন্ট (এ্যানেসথেসিওলজি), ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, কিশোরগঞ্জ গত ১১.০১.২০১৫ খ্রিঃ থেকে ২৬.০২.২০১৭ খ্রিঃ পর্যন্ত ২ বছর ০১ মাস ১৬ দিন বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'ডিজারশন' এর দায়ে ১৭.১২.২০১৭ খ্রিঃ ৪৫.১৫০.০২৭.০১.০০.১০০.২০১৭-৪৯৩ নং স্মারকে বিভাগীয় মামলা বুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;


যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং গত ১৮.০২.২০১৮ খ্রিঃ তঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি গত ১০.০১.২০১৫ খ্রিঃ তারিখে কর্মস্থলে যোগদান শেষে ১১.০১.২০১৫ তারিখ হতে ১৫.০১.২০১৫ তারিখ পর্যন্ত ০৫(পাঁচ) দিনের প্রত্যুতিমূলক ছুটি নিয়ে কর্মস্থল ত্যাগ করেন। ফেরার সময় পেট্রোল বোমায় বিপদসঙ্কুল বিপর্যস্ত যোগাযোগ ব্যবস্থায় কিশোরগঞ্জ থেকে ভৈরব এব ভৈরব থেকে চট্টগ্রাম দাঁড়িয়ে দাঁড়িয়ে রেল পরিভ্রমণ করায় তঁর পূর্বতন আঘাতপ্রাপ্ত ও ওস্টিওআর্থ্রাইটিস আক্রান্ত হাটুর ব্যাথা বেড়ে যাওয়ায় ছুটি শেষে ফিরতে ব্যর্থ হন।

যেহেতু, তিনি সুস্থ হয়ে কর্মস্থল না হওয়ায় যোগদান করতে দেয়া হওয়ার এক পর্যায়ে জুলাই, ২০১৬ এ কর্মস্থলে যোগদান করতে চাইলে তঁর একই পদোন্নতি দ্বিতীয় বার আদেশ হওয়ায় সিভিল সার্জন, কিশোরগঞ্জ যোগদান গ্রহণে অসম্মতি জানান। দ্বিতীয় পদোন্নতির আদেশ বাতিলের আবেদন করলে উক্ত তিলের আদেশ পেতে বিলম্ব হওয়ায় বাতিলকৃত আদেশসহ যোগদানের নিমিত্ত ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, কিশোরগঞ্জে গেলে তঁর স্থলে অন্য ডাক্তার পদায়নকৃত থাকায় যোগদানপত্র গৃহীত হয়নি। তিনি ২৮ মে, ২০১৮ তারিখে সরকারি চাকুরি হতে পিআরএল গমন করবেন। তিনি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বদলি সংক্রান্ত প্রজ্ঞাপন এবং তঁর চিকিৎসা সংক্রান্ত সকল কাগজপত্র দাখিল করেছেন। অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক সময়ে সময়ে স্থানীয় প্রশাসনকে তঁর অবস্থান অবহিত করা উচিত ছিল। তিনি ক্ষমা চেয়েছেন।

এমতাবস্থায়, ডাঃ সুলতানা আখতার (৩২০০৪), সিনিয়র কনসালটেন্ট (এ্যানেসথেসিওলজি), ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, কিশোরগঞ্জের বিরুদ্ধে আনিত অভিযোগ, ব্যক্তিগত শুনানিকালে তঁর বক্তব্য ও দাখিলকৃত কাগজপত্র এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে তঁকে ভবিষ্যতে সরকারি চাকুরির নিয়ম কানুন যথাযথ অনুসরণপূর্বক দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করা হল। তঁর ১১.০১.২০১৫ খ্রিঃ হতে ২৬.০২.২০১৭ খ্রিঃ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতকালকে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুরপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। তিনি ভবিষ্যতে কোন বকেয়া প্রাপ্য সুবিধা দাবি করতে পারবেন না।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


(মোঃ সিরাজুল হক সান) সচিব

উপপরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস

তেজগাঁও, ঢাকা:


[পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি শুংখলা অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো]

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১০০.২০১৭-৯৭/৩(৬)

তারিখঃ ১৮.০৩.২০১৮ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস-এর কম্পিউটার ও ডাটা সিটে সংরক্ষণ করার জন্য)।
- ৩। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। উপপরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। সিভিল সার্জন, কিশোরগঞ্জ।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৮। ডাঃ সুলতানা আখতার (৩২০০৪), সিনিয়র কনসালটেন্ট (এ্যানেসথেসিওলজি), ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, কিশোরগঞ্জ।


(মোঃ রেজাউল আলম)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
disc@hds.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৯৭.২০১৭ নন

তারিখঃ ১৮.০৩.২০১৮ খ্রিঃ

আদেশ


যেহেতু, ডাঃ নাহিদ ফারজানা মৌরী (১৩০৫৩৭), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা গত ১৪.০৮.২০১৬ খ্রিঃ থেকে ০৬.০৬.২০১৭ খ্রিঃ পর্যন্ত মোট ২৯৭ দিন কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'ভিজারশন' এর দায়ে ১২.১২.২০১৭ খ্রিঃ ৪৫.১৫০.০২৭.০১.০০.০৯৭.২০১৭-৪৮৯ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং গত ১৮.০২.২০১৮ খ্রিঃ তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি গত ১৩.০২.২০১৬ ইং তারিখে বহিঃ বাংলাদেশ অর্জিত ছুটি নিয়ে কুয়েত মিশনে স্বামীর সাথে সাক্ষাতের জন্য গমন করেন। পরবর্তীতে পূর্বের ছুটির ধারাবাহিকতায় স্বাস্থ্য অধিদপ্তরে ওএসডি হিসেবে পদায়নপূর্বক তাঁকে বিনা বেতনে আরও ০৫ (পাঁচ) মাস অসাধারণ ছুটি মঞ্জুর করা হয়। ছুটি শেষে ১৪.০৮.২০১৬ ইং তারিখে স্বাস্থ্য অধিদপ্তরে যোগদানের নির্দেশনা থাকলেও তিনি শারীরিকভাবে খুবই অসুস্থতার কারণে কুয়েতের চিকিৎসক তাকে ০৬ মাস বিশ্রামের পরামর্শ দেন।

যেহেতু, তিনি হাঁপানীর কারণে কুয়েতে সে সময় কয়েকবার আক্রান্ত হয়েছেন। এছাড়া তাঁর ০৪ বছরের কন্যা সন্তানের মে/২০১৬ সালে চিকেন পক্স (জলবসন্ত) হওয়ায় তিনি বাংলাদেশে এসে চাকুরিতে যোগদান করতে পারেননি। এ কারণে তিনি ১৪.০৮.২০১৬ খ্রিঃ হতে ১৪.০৮.২০১৭ খ্রিঃ পর্যন্ত মোট ২৯৭ দিন কর্মস্থলে বিনানুমতিতে অনুপস্থিত ছিলেন বলে ব্যক্তিগত শুনানীর লিখিত বক্তব্যে জানান। তিনি অনিচ্ছাকৃত ভুলের জন্য ক্ষমাপ্রার্থী এবং ভবিষ্যতে আর কখনও এ ধরনের আচরণ হবে না বলে অঙ্গীকার করেন।

এমতাবস্থায়, ডাঃ নাহিদ ফারজানা মৌরী (১৩০৫৩৭), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকার বিরুদ্ধে আনিত অভিযোগ, ব্যক্তিগত শুনানিকালে তাঁর বক্তব্য ও দাখিলকৃত কাগজপত্র এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে তাঁকে ভবিষ্যতে সরকারি চাকরির নিয়ম কানুন যথাযথ অনুসরণপূর্বক দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করা হল। তাঁর ১৪.০৮.২০১৬ খ্রিঃ থেকে ০৬.০৬.২০১৭ খ্রিঃ পর্যন্ত মোট ২৯৭ দিন বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতকালকে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুরপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। তিনি ভবিষ্যতে কোন বকেয়া প্রাপ্য সুবিধা দাবি করতে পারবেন না।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ সিরাজুদ্দীন খান)
সচিব

উপপরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।


[পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি শৃঙ্খলা অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।]

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৯৭.২০১৭-নন/৪(৮)

তারিখঃ ১৮.০৩.২০১৮ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস-এর কম্পিউটার ও ডাটা সিতে সংরক্ষণ করার জন্য)।
- ৩। যুগ্মসচিব (পার-১)/(পার-২), স্বাস্থ্য সেবা বিভাগ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। উপসচিব (পার-৩), স্বাস্থ্য সেবা বিভাগ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৮। ডাঃ নাহিদ ফারজানা মৌরী (১৩০৫৩৭), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।


(মোঃ রেজাউল আলম)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
disc@hds.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৪০.২০১৭- ৯৮

তারিখঃ ১৮.০৩.২০১৮ খ্রিঃ


আদেশ

যেহেতু, ডাঃ মোঃ রেজাউল করিম জিগাউরী (১০৯০৩৫), জুনিয়র কনসালটেন্ট, চর্ম ও যৌন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কচুয়া, চাঁদপুর গত ১২.০১.২০১৭ খ্রিঃ এবং ৩০.০১.২০১৭ খ্রিঃ পর্যন্ত ০২ (দুই) দিন বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন এবং প্রায়শঃ স্থানীয় কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিত কর্মস্থলে অনুপস্থিত থাকায় তঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে ২৬.০৭.২০১৭ খ্রিঃ ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪০.২০১৭-৩৩৪ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন ও গত ১৮.০২.২০১৮ খ্রিঃ তঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ১২.০১.২০১৭ ও ৩০.০১.২০১৭ ইং তারিখ অসুস্থতার কারণে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। তিনি প্রায়শঃ কর্মস্থলে অনুপস্থিত থাকেন কথাটি সত্য নয়। গত ০২.০২.২০১৭ তারিখের স্বাক্ষর তারই অনুস্বাক্ষর। তিনি সরকারি নির্দেশনা অনুযায়ী হাজিরা খাতায় পূর্ণ স্বাক্ষর দিতে সচেষ্ট থাকার অঙ্গীকার করেন। তঁর ভুলের জন্য আন্তরিকভাবে দুঃখ প্রকাশ এবং ক্ষমা প্রার্থনা করেন। ভবিষ্যতে এ রকম ভুল হবে না বলে তিনি প্রতিজ্ঞাবদ্ধ হন;

এমতাবস্থায়, ডাঃ মোঃ রেজাউল করিম জিগাউরী (১০৯০৩৫), জুনিয়র কনসালটেন্ট, চর্ম ও যৌন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কচুয়া, চাঁদপুরের বক্তব্য ও দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় তঁকে ভবিষ্যতে সতর্কতার সাথে সরকারি নিয়ম কানুন যথাযথ অনুসরণপূর্বক দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ সিরাজুল হক খান)
সচিব

উপপরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস

তেজগাঁও, ঢাকা।


[পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি শৃংখলা অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হল।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৪০.২০১৭- ৯৮/২(২)

তারিখঃ ১৮.০৩.২০১৮ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (পার-১ অধিশাখা/পার-২ অধিশাখা)/উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি বর্ণিত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য)।
- ৫। সিভিল সার্জন, চাঁদপুর।
- ৬। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, কচুয়া, চাঁদপুর।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। ডাঃ মোঃ রেজাউল করিম জিগাউরী (১০৯০৩৫), জুনিয়র কনসালটেন্ট, চর্ম ও যৌন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কচুয়া, চাঁদপুর।


(মোঃ রেজাউল আলম)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
disc@hds.gov.bd